বাংলা বিভাগ

সরকারি বেগম রোকেয়া কলেজ, রংপুর।

১ম বর্ষ অনার্স ১ম ইনকোর্স পরীক্ষা, সেশন-২০২০-২০২১
কোর্স-২১১০০৫
বাংলা কবিতা-১: অগ্নিবীণা

নিচের প্রশ্নগুলো লিখে ২৪.১.২২ তারিখ ক্লাসে জমা দিতে হবে।

অগ্নিবীণা

কাজী নজরুল ইসলাম

১. 'অগ্নিবীণা' কাব্য কত সালে প্রকাশিত হয়?
২. 'অগ্নিবীণা' কাব্যটি কবি কাকে উৎসর্গ করেছিলেন?
৩. 'অগ্নিবীণা' কাব্যে মোট কতটি কবিতা স্থান পেয়েছে?
৪. 'বিদ্রোহী' কবিতায় উদ্ধৃত ১০টি পৌরাণিক চরিত্রের নাম লেখ।
৫. 'বিদ্রোহী' কবিতার প্রথম চরণ কোনটি?
৬. 'বিদ্রোহী' কবিতার শেষ চরণ কোনটি?
৫. 'অগ্নিবীণা' কাব্যের জাগরণীমূলক কবিতাগুলো কয় ভাগে বিভক্ত? কী কী?
৬. 'অগ্নিবীণা' কাব্যের তিনটি হিন্দু ঐতিহ্যমূলক কবিতার নাম কী?
৭. 'অগ্নিবীণা' কাব্য থেকে ইসলামি ঐতিহ্য বিষয়ক দু'টি কবিতার নাম উল্লেখ কর।
৮. 'অগ্নিবীণা' কাব্যের প্রথম কবিতার নাম কী?
৯. 'অগ্নিবীণা' কাব্যের শেষ কবিতার নাম কী?
৮. 'অগ্নিবীণা' কাব্যের প্রথম কবিতা প্রলয়োল্লাস প্রথম কোথায় প্রকাশিত হয়?
৯. 'প্রলয়োল্লাস' কবিতায় বর্ণিত অনাগতদের নেশা কী?
১০. 'প্রলয়োল্লাস' কবিতায় অনাগতেরা কী জ্বেলে আসছে?
১১. 'প্রলয়োল্লাস' কবিতায় অনাগতের নয়নের স্বরূপ কী?
১২. 'প্রলয়োল্লাস' কবিতা অবলম্বনে দিগম্বরের জটায় কী লুটায়?
১৩. 'প্রলয়োল্লাস' কবিতায় উল্কা ছুটায় কিভাবে?
১৪. কবি নজরুলের মতে চির সুন্দর কে?
১৫. কবির মতে 'সুন্দর' কীসের বেশে আসে?
১৬. ভারতীয় পুরাণে 'মহাকাল' ও 'রুদ্র' কার নামান্তর?
১৭. 'প্রলয়োল্লাস' কবিতায় শিব কীসের প্রতীকরূপে উপস্থাপিত?
১৮. 'প্রলয়োল্লাস' কবিতাটি কোন জাতীয়?
১৯. 'প্রলয়োল্লাস' কবিতাটি কোন ছন্দে রচিত?
২০. 'বিদ্রোহী' কবিতা অবলম্বনে নজরুলের ললাটে কী জ্বলে?
২১. 'বিদ্রোহী' কবিতায় মহাপ্রলয়ের নটরাজ কে?
২২. 'বিদ্রোহী' কবিতা অবলম্বনে কবি পথের সামনে যা পান তা কী করেন?
২৩. কবি নিজেকে পৃথিবীর কী বলেছেন?
২৪. কবি ফিং দিয়ে কয় দোল দেয়?
২৫. কবি কার শিঙ্গার মহা হুংকার?
২৬. কবি কতটি সূর্যের রাহুগ্রাস?
২৭. 'বিদ্রোহী' কবিতা অনুসারে কবি কার গভীর রাগিনী?
২৮. 'বিদ্রোহী' কবিতা অবলম্বনে কবি নজরুলের বাহক কী?
২৯. বোররাক ও তাজি কী?
৩০. কবি 'বিদ্রোহী' কবিতায় কী ছিনিয়ে আনবেন বলে বলেছেন?
৩১. কবি তাথিয়া মথিয়া কোথায় ফেরেন?
৩২. কবি কার হাতের কাঠের কুঠার?
৩৩. কবি কার বুকে পদচিহ্ন এঁকে দেবেন?
উত্তর: কবি বিদ্রোহী ভৃগু ভগবানের বুকে পদচিহ্ন এঁকে দেবেন।
৩৪. 'বিদ্রোহী' কবিতাটি কত পঙক্তির কবিতা?
উত্তর: 'বিদ্রোহী' কবিতাটি একশত চল্লিশ পঙক্তির কবিতা।
৩৫. 'বিদ্রোহী' কবিতায় 'আমি' শব্দটি কতবার ব্যবহৃত হয়েছে?
৩৬. বিদ্রোহী ভৃগু কী করেছিলেন?
৩৭. নজরুলের প্রথম কাব্যগ্রন্থ কোনটি?
৩৮. 'অগ্নিবীণা' কবিতায় প্রথম শ্রোতা কে?
৩৯. 'বিদ্রোহী' কবিতায় বিদ্রোহী কার হাতের বাঁশরী?
৪০. কাজী নজরুল ইসলামের 'বিদ্রোহী' কবিতাটি কোন পত্রিকায় প্রকাশিত হয়?
৪১. 'বিদ্রোহী' কবিতার অর্ফিয়াস কোন পুরাণের উদাহরণ?

৪২. নজরুলের মতে গ্রিক দস্যুদের সামলাতে কাকে প্রয়োজন?
৪৩. 'বিদ্রোহী' কবিতার ছন্দের স্বরূপ কী?
৪৪. 'রক্তাম্বর-ধারিণী মা' কবিতায় সিঁদুর মুছে ফেলে সেখানে কবি কী জ্বালাতে বলেছেন?
৪৫. 'রক্তাম্বর-ধারিণী মাকে কি দিয়ে চাবুক করতে বলা হয়েছে?
৪৬. "ধ্বংসের বুকে হাসুক মা তোর সৃষ্টির নব পূর্ণিমা।" – কোন কবিতা হতে উদৃত?
৪৭. 'রক্তাম্বর-ধারিণী মা' কবিতাটি কোথায় প্রথম প্রকাশিত হয়?
৪৮. 'আগমনী' কবিতায় সর্বাঙ্গে কীসের চিহ্ন সুবিস্তৃত?
৪৯. 'আগমনী' কবিতার বিশ্বস্রষ্টা কেন স্থির থাকতে পারেনি?
৫০. সৈনিকের পদভারে ধরার অবস্থা কী?
৫১. মৃত সুরাসুরের পাজরে কী বাজে?
৫২. দুর্গা ক'বার মহিষাসুরকে বধ করেন?
৫৩. 'আগমনী' কবিতার রণাঙ্গন কোথাকার?
৫৪. 'ধূমকেতু' কবিতাটি প্রথম কোথায় প্রকাশিত হয়?
৫৫. 'ধূমকেতু' কবিতার প্রধান কথা কী?
৫৬. 'ধূমকেতুর রূপে কবির ললাটে কী জ্বলে?
৫৭. ধূমকেতু আরো কতটি বিশ্ব গ্রাস করতে পারে?
৫৮. 'ধূমকেতু' হয়ে কবি কেন এসেছেন?
৫৯. 'ধূমকেতু' কাকে চুষে খায়?
৬০. 'ধূমকেতু'র পুষে কারা উদগারে বিষ ফুৎকায়?
৬১. ভগবান আজ ত্রাসে কাঁপে কেন?
৬২. 'ধূমকেতু' কাকে বিষধুম নিক্ষেপ করে?
৬৩. কামাল পাশা কে?
৬৪. কামাল পাশা কোন দেশের অধিবাসী?
৬৫. 'কামাল পাশা' কবিতা অবলম্বনে কে ক্ষেপেছে?
৬৬. "দেশ বাঁচাতে আপনারি জান শেষে করেছে"– কোন কবিতা হতে চয়নিত?
৬৭. 'এক মুর্গির জোর গায়ে নেই, ধরতে আসেন তুর্কি তাজী' – কাদের কথা বলা হয়েছে?
৬৮. 'কামাল পাশা' কবিতায় বর্ণিত আসমানের দু'টি রক্তের নীল সিয়াটা কাদের?
৬৯. 'কামাল পাশা' কবিতায় আসমানের ক'টি রঙের উল্লেখ আছে?
৭০. তরুণ শহীদদের বাসর কোথায় হবে?
৭১. 'কামাল পাশা' কবিতাটি প্রথম কোথায় প্রকাশিত হয়?
৭২. মুস্তফা কামাল আতাতুর্ক কে?
৭৩. কামাল শব্দের অর্থ কী?
৭৪. কামাল আতাতুর্ক 'পাশা' উপাধিপ্রাপ্ত হন কেন?
৭৫. আতাতুর্ক শব্দের অর্থ কী?
৭৬. 'কামাল পাশা' কবিতায় কী প্রকাশ পেয়েছে?
৭৭. গদ্যপদ্যময় সাহিত্যকর্মের সংস্কৃত নাম কী?
৭৮. 'আনোয়ার' কবিতাটি প্রথম কোথায় প্রকাশিত হয়?
৭৯. শৃঙখলিত তরুণ সেনানী স্বপ্নে কাকে দেখেছিল?
৮০. আনোয়ার কে ছিলেন?
৮১. নব্য তুর্কিদলের অধিকাংশ সদস্য কোন দেশে শিক্ষাপ্রাপ্ত?
৮২. নব্য তুর্কিবাদীরা কাদের মত স্বাধীনতা প্রত্যাশী?
৮৩. 'আনোয়ার' কবিতার বক্তা কে?
৮৫. জিঞ্জির পরা মোরা খিঞ্জীর? কাদেরকে এ কথা বলা হয়েছে?
৮৬. কবি ইসলামের সম্মান রক্ষা করার জন্য মুসলিম যুবকদেরকে কী বলেছেন?
৮৮. নজরুল ইসলামের 'রণভেরী' কবিতাটি প্রথম কবে প্রকাশিত হয়?
৮৯. রণভেরী কবিতা কোন ছন্দে রচিত?
৯০. ভেরী অর্থ কী?
৯১. 'রণভেরী' কবিতার মূল বিষয় কী?
৯২. 'শাত-ইল-আরব' কী?
৯৩. শাত-ইল-আরবের জলে কাদের কী মিশেছে?
৯৪. শাত-ইল-আরবের বন্যায় কোন দেশ ধন্য হয়?
৯৫. 'শাত-ইল-আরব' কবিতায় ব্যবহৃত 'ফোরাত' নদীর অপর নাম কী?
৯৬. 'শাত-ইল-আরব' কবিতা প্রথম কোথায় প্রকাশিত হয়?
৯৭. মুক্ত আজাদ বেদুইন বলা হয়েছে কাকে?
৯৮. 'খেয়াপারের তরণী' কবিতায় রাত্রিতে কারা কী উদ্দেশ্যে এসেছে?
উত্তর: 'খেয়াপারের তরণী' কবিতায় যাত্রীরা রাতে খেয়াপারের উদ্দেশ্যে এসেছে।

৯৯. ‘খেয়াপারের তরণী’ কবিতায় শেষ পর্যন্ত কারা খেয়া পার হয়?
উত্তর: তরণীর যাত্রীরা শেষ পর্যন্ত খেয়া পার হয়।
১০০. ‘খেয়াপারের তরণী’ কবিতায় ‘জান্নাত’ হতে রাশি রাশি ফুল ফেলে কারা?
১০১. ‘খেয়াপারের তরণী’ কবিতায় কারা ত্রাসে কাঁপছিল?
১০২. খেয়াপারের তরণীর পালে কী লেখা?
১০৩. খেয়াপারের তরণী কবিতাটি কোন ছন্দে রচিত?
১০৪. ‘খেয়াপারের তরণী’ কবিতায় কাণ্ডারী কে?
১০৫. হাজেরা কে?
১০৬. হযরত ইসমাইলকে কোথায় কোরবানী করা হয়েছিল?
১০৮. ‘জুলফিকার’ কী?
১০৯. ‘কোরবানী’ কবিতাটি প্রথম কোথায় প্রকাশ পায়?
১১১. সত্যাগ্রহ কি?
১১৩. কাসিম নামটি কোন কবিতায় উদ্ধৃত আছে?
১১৪. সীমার নামটি কোন কবিতায় উদ্ধৃত আছে?
১১৫. ‘মহররম’ কবিতা প্রথম কোথায় প্রকাশিত হয়?
১১৬. দুলদুল কী?
১১৭. ‘মহররম’ কবিতার উপজীব্য বিষয় কী?
১১৮. পানির জন্য কে গড়াগড়ি দিয়ে কাঁদে?
১১৯. “ফিরে এলো আজি সেই মহররম মাহিনা
ত্যাগ চাই, মর্সিয়া ক্রন্দন চাহিনা।”- কোন কবিতা হতে উদ্বৃত?
১২০. হোসেন কারবালা প্রান্তরে কার হাতে কবে নিহত হন?
১২২. মহররম কবিতাটি কোন ছন্দে রচিত?
১২৩. ‘মহররম’ কোন জাতীয় কবিতা?
১২৪. ‘মহররম’ কবিতাটি দেখে দেখে লেখ।
১২৫. ‘প্রলয়োল্লাস’ কবিতাটি দেখে দেখে লেখ।

কোর্স শিক্ষক
ড. এ. আই. এম. মুসা
সহযোগী অধ্যাপক, বাংলা বিভাগ
সরকারি বেগম রোকেয়া কলেজ, রংপুর।